

## সারা দেশে প্রাথমিক শিক্ষকদের এক ঘণ্টা কর্মবিরতি

### যুগান্তর রিপোর্ট

শতভাগ পদোন্নতিসহ ১২ মফা দাবিতে সারা দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে এক ঘণ্টার কর্মবিরতি পালন করেছেন শিক্ষকরা। বৃহস্পতিবার জেলা-উপজেলা পর্যায়ের সব প্রাথমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ কর্মসূচি পালন করা হয়। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমাজের ব্যানারে আয়োজিত এ কর্মসূচি ১৪ জুন পর্যন্ত চলেবে বলে জানিয়েছেন সংগঠনের নেতারা।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে কর্মবিরতির মাঝে সংক্ষিপ্ত শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়। অবিলম্বে দাবি মেনে নিতে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন শিক্ষক নেতারা।

বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজের সভাপতি শাহিনুর আল-আমিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মো. হালিমুল্লাহমানসহ কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা দেশের বিভিন্ন স্থানে সমাবেশে বক্তব্য দেন।